

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৩
জাতীয় ক্রীড়া পরিষদ
ভবন, লেবেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৩.৫৮.০০১.১৯.৪

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৭
১১ মে ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের গত ০৬.০৫.২০২০ তারিখের ২৬.০০.০০০০.১১১.৫৩.০২৮.১৬/১৯৩ নং স্মারকের সিদ্ধান্তের আলোকে করোনা ভাইরাস মহামারী পরবর্তী প্রভাব ও সংকট মোকাবেলায় শিশু খাদ্য সরবরাহ নিশ্চিত কল্পে এইস এস কোড ০৪০২ বা ১৯০১ এবং উহার বিপরীতে শ্রেণী বিন্যাসযোগ্য সকল এইস এস কোড বিদ্যমান আমদানি নীতির ধারা ১৬ এর উপানুচ্ছেদ ১৭ এর (ঘ), (ঙ) এবং (ছ) নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ধারাটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সাময়িক ভাবে স্থগিত করা হলো।

শর্তসমূহঃ

০১. সংশ্লিষ্ট এইস এস কোডের পণ্য আমদানির ক্ষেত্রে অন্যান্য সকল শর্ত যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
০২. বাংলাদেশ ফুডস্টাফ ইম্পোর্টারস এন্ড সাপ্লায়ার্স এসোসিয়েশন (বাসিফা) এর সদস্যগণ কেবল অত্র সুবিধায় আমদানির সুযোগ পাবেন,
০৩. পণ্য সমূহ আমদানির ক্ষেত্রে গুণাগুণ পরীক্ষার পর এর মান যথাযথ থাকাসহ সরকারের অন্যান্য সকল বিধি বিধান প্রতিপালন করতে হবে,
০৪. আমদানিকৃত পণ্য বাজারজাত করার ক্ষেত্রে অবশ্যই আমদানি নীতির ধারা ১৬ এর উপানুচ্ছেদ ১৭ এর (ঘ), (ঙ) এবং (ছ) এর বিধানগুলি পরিপালন করতে হবে।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে



১১-৫-২০২০

মোঃ আওলাদ হোসেন
নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।

- ২) চেয়াম্যান , জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার , আর্মড ফোর্সেস ডিভিশন, সেনা সদর, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় বাণিজ্য মন্ত্রীর সদয় অবগতির জন্য), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
- ৫) সচিবের একান্ত সচিব (মাননীয় বাণিজ্য সচিবের সদয় অবগতির জন্য) , বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।